# এইসএস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড : | ২ | ৭ | ৭ |

## বিষয় ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম পত্র (সৃজনশীল)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান— ৭০

[ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে-কোন ৭টি প্রশ্নের উত্তর দাও:]

১.▶ মি. খালেক চাকরি শেষে ১০ লাখ টাকা পেয়েছেন। এই টাকার যাতে ক্ষতি না হয় এ বিষয়ে তিনি সতর্ক। আবার এ থেকে কিছু আয়েরও প্রত্যাশা করেন। ব্যাংকে টাকা রাখলে লাভ কম। তাই তিনি তার পরিচিতজন, সৎ ও ভালো ব্যবসায়ি নাজিম সাহেবকে টাকাটা দিলেন। বললেন লাভ কম দেন আপত্তি নেই, তবে ক্ষতির ভাগ তিনি নিবেন না। নাজিম সাহেব ব্যবসায়টা বাড়াবেন বিধায় তারও টাকার প্রয়োজন ছিল। এখন মি. খালেক ভালই পাচ্ছেন। আবার নাজিম সাহেবের এতে সুবিধা হয়েছে।

ক. ব্যবসায় কী? ১

খ. ব্যবসায়ের বণ্টনকারী শাখা কোনটি? ব্যাখ্যা কর। ২

গ. কোন বৈশিষ্ট্যের অভাবের কারণে মি. খালেককে ব্যবসায়ি বলা যাবে না? ব্যাখ্যা কর। ৩

ঘ. নাজিম সাহেবের ব্যবসায়িক কাজটি অর্থসংস্থানের সাথে সম্পর্কযুক্ত- তুমি কি এ মত সমর্থন কর? মতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

২.▶ নাছিমা বেগম আঞ্চলিক কৃষি অফিস থেকে মৌ চাষের প্রশিক্ষণ দেন। তিনি ৫০,০০০ টাকা মূলধন সরবরাহ করে আধুনিক পদ্ধতিতে মৌ চাষ করে উৎপাদিত মধু 'শেফা মধু' নামে বাজারজাত করেন। গুণগত মান উন্নত হওয়ার অল্প দিনেই তার 'শেফা মধু' জনপ্রিয়তা লাভ করে এবং তিনি প্রচুর মুনাফা অর্জন করেন। তা দেখে প্রতিবেশী রহিমা হুবহু নকল করে একই নামে মধু বাজারজাত করেন। ফলে নাছিমা বেগমের 'শেফা মধু' বিক্রি কমে যায় এবং সে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। নাছিমা বেগম আইনের আশ্রয় নিয়েও কোনো প্রতিকার পেলো না।

ক. ঘুমন্ত অংশীদার কাকে বলে? ১

খ. অসীম দায়ের পরোক্ষ সুবিধা বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত নাছিমা বেগম কী একজন উদ্যোক্তা? ব্যাখ্যা কর। ৩

ঘ. নাছিমা বেগমের আইনগত প্রতিকার না পাওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩.▶ মিসেস লুনা তার ব্যক্তিগত তহবিল থেকে ১,০০,০০০ টাকা নিয়ে পাঁচজন কর্মীসহ তার নিজের এলাকায় একটি রেস্টুরেন্ট ব্যবসা শুরু করেন। মানসম্মত সেবা প্রদান করায় তার ব্যবসায় ব্যাপক সাফল্য আসে। ভোক্তার চাহিদা বৃদ্ধির কারণে তিনি ব্যবসায়টিকে সম্প্রসারণের সিদ্ধান্ত নেন। যার কারণে বন্ধু মুহিত তার প্রদত্ত অর্থের জন্য লুনাকে বার বার বলা সত্ত্বেও লুনা দায় পরিশোধে অপরাগতা প্রকাশ করে। মুহিত পাওনা আদায়ের জন্য আদালতে মামলা করার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. প্রযুক্তিগত পরিবেশ কী? ১

খ. কোন দলিলকে সমবায়ের গঠনতন্ত্র বলে? কেন? ২

গ. উদ্দীপকের মিসেস লুনার স্থাপিত ব্যবসায়টি কি ধরনের-ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত পরিস্থিতিতে পাওনা আদায়ের জন্য মুহিত কর্তৃক মামলা করার সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৪.▶ মি. সরকার ৫০ জন সদস্য নিয়ে কোম্পানি গঠনের চেষ্টা-তদবির করছেন অনেকদিন হলো। একটা দলিল তৈরি করতে হয়েছে। কিন্তু আরেকটা দলিল তৈরি না করলেও চলবে। কোম্পানি আইনের তফসিল ১ এ বর্ণিত দলিলটিকেই তারা নিজেদের জন্য গ্রহণ করেছেন। ইতোমধ্যে জন্ম সনদ পেলেও তারা কাজ শুরু করতে পারছেন না।

ক. শেয়ার মালিকানার মুখ্য প্রামাণ্য দলিলকে কী বলে? ১

খ. কোম্পানির কৃত্রিম ও স্বাধীন সত্তা বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে কোন দলিলটি পৃথকভাবে তৈরির প্রয়োজন পড়েনি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটিকে কাজ শুরু করতে হলে কার্যারম্ভের অনুমতিপত্র সংগ্রহ করতে হবে -- তুমি কি এ মত সমর্থন কর? মতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৫.▶ সরকারের খাস জমিতে গড়ে তোলা হকার্স মার্কেটের ব্যবসায়ি হাসু মিয়া অন্য ব্যবসায়িদের নিয়ে একটি সমবায় সমিতি গড়ে তুলেছে। এতে তারা সঞ্চয় জমা করে, ঋণ নেয় এবং জমাকৃত অর্থ বিভিন্ন খাতে বিনিয়োগ করে। মার্কেটের নানান বিপদ-আপদ তারা একত্রে মোকাবেলা করে। নির্বাচন ঘনিয়ে এসেছে। এ নিয়ে নিজেদের মধ্যে নানান ভুল বুঝাবুঝির সৃষ্টি হচ্ছে। সমবায় কর্মকর্তা এসে বললেন, সমবায়কে যদি আপনারা নিছক ব্যবসায় প্রতিষ্ঠান ভাবেন তবে ভুল করবেন। এর মধ্যে লুকিয়ে আছে আপনাদের শক্তি, সাহস ও মর্যাদা।

ক. সমবায় সমিতি কী? ১

খ. প্রাথমিক সমবায় সমিতি বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের ব্যবসায়িরা উদ্দেশ্য বিচারে কোন ধরনের সমবায় সমিতি গড়ে তুলেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমবায় কর্মকর্তার মতের সাথে তুমি কি একমত? উদ্দীপকের আলোকে যুক্তি দাও। ৪

৬.▶ মি. সুমন খানের উপন্যাস বাংলাদেশের তরুণ প্রজন্মের মাঝে দারুণ সাড়া জাগিয়েছে। তার নতুন উপন্যাস বাজারে আসলে তরুণ পাঠকরা হুমড়ি খেয়ে পড়ে। অসাধু ব্যবসায়িদের থেকে রক্ষায় বই বেরুনোর আগেই তিনি আইনগত ব্যবস্থা নেন। তার পাবলিশার্স 'ব্রাইট বুকস' উদীয়মনা ভালো লেখকদের উপন্যাস, গল্পসমগ্র ইত্যাদি প্রকাশের মাধ্যমে ইতোমধ্যে যথেষ্ট সুনাম কুড়িয়েছে। তাদের উদীয়মান সূর্য সম্বলিত লোগো এখন বই বিক্রেতা ও তরুণদের মাঝে পরিচিত।

ক. পানি দূষণ কী? ১

খ. BSTI বলতে কী বুঝায়? ২

গ. মি. সুমন খানের আইনগত সুরক্ষার নাম কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উদীয়মান সূর্য সম্বলিত লোগোর উপযোগিতা মূল্যায়ন কর। ৪

৭.▶ জনাব করিম ও তার দুই বন্ধু মিলে সমঝোতার ভিত্তিতে ও মুনাফা ভাগাভাগির উদ্দেশ্যে 'সমতা প্রিন্টিং প্রেস' নামে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলেন। সর্বসম্মতিক্রমে মি. করিম পরিচালনায় অংশ গ্রহণ করেন এবং বাৎসরিক ১.০০ লক্ষ টাকা বেতন গ্রহণ করেন; কিন্তু কোনো মূলধন সরবরাহ করেন না। কয়েক বছরের মধ্যে প্রতিষ্ঠানটি আশানুরূপ মুনাফা অর্জন করায় সফলতার সাথে চলতে থাকে। কিন্তু হঠাৎ করিম অসুস্থ হয়ে পড়লে সে আর ব্যবসায় চালিয়ে যেতে পারবে না বলে জানান।

ক. বিবরণ পত্র কী? ১

খ. BTCL- এর প্রধান সার্ভিসসমূহ কী? ২

http://teachingbd.com

গ. উদ্দীপকে বর্ণিত জনাব করিম কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত "সমতা পিন্টিং প্রেস"-এর পরিণতি কী হতে পারে? মতামত দাও। ৪

৮.▶ নিলু ও বিনি দুই বান্ধুবী। নিলু "M" ব্যাংক হতে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা দিয়ে একটি একটি কার্ড নেন। অন্যদিকে বিনি কোনো টাকা জমা না দিয়ে "N" ব্যাংক হতে একটি কার্ড নেন। উভয়ের সেই কার্ড দ্বারা নির্দিষ্ট পরিমাণ পণ্য সামগ্রী কেনাকাটা করতে পারেন এবং প্রয়োজনে ATM বুথ হতে টাকা উত্তোলন করতে পারেন।

ক. কপিরাইট কী? ১
খ. CSR বলতে কী বুঝায়? ২
গ. নিলুর কার্ডটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিদ্যমান পরিস্থিতিতে "M" ও "N" ব্যাংক-এর মধ্যে কোনটির ঝুঁকি বেশি? মাতমত দাও। ৪

৯.▶ দবির এমন একটি ব্যবসায় প্রতিষ্ঠানে চাকরি করে যা দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির সময় বাজার মূল্যের কম মূল্যে বাজারে পণ্য বিক্রয় করে। এতে জনগণ খুবই উপকৃত হয়। এ ব্যবসায় প্রতিষ্ঠান লাভের কথা ভাবে না। জনকল্যাণে এ প্রতিষ্ঠান ব্যবসায় পরিচালনা করে।

ক. প্রিমিয়াম কী? ১
খ. খাদ্য উৎপাদন বৃদ্ধিতে রাসায়নিক ব্যবহারের কুফল বর্ণনা করো। ২
গ. দবির কোন ব্যবসায় প্রতিষ্ঠানে কাজ করে? বর্ণনা কর। ৩
ঘ. "জনকল্যাণে এ ব্যবসায় প্রতিষ্ঠান কাজ করে" মূল্যায়ন কর। ৪

১০.▶ মি. সরকার একটা শিল্পগোষ্ঠীর মালিক। তিনি বলতে গেলে নগদ টাকার ব্যবহার ছেড়েই দিয়েছেন। জিনিস পত্র কেনাকাটা, টিকিট বুকিংসহ সকল কাজে তিনি ব্যাংক প্রদত্ত একটি বিশেষ কার্ড ব্যবহার করেন। ব্যাংক তাকে একটা ঋণের সীমা ঠিক করে দিয়েছে। তাই ব্যাংকে নিজস্ব ব্যালেন্স না থাকলেও সমস্যা হয় না। তিনি তার প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ও বহিঃস্থ সকল কার্যক্রম ডিজিটাল প্রযুক্তি নির্ভর করে গড়ে তুলেছেন। এতে প্রতিষ্ঠানের ভিতরের ও বাইরের বিভিন্ন পক্ষের সাথে যোগাযোগ ও প্রত্যেকের প্রত্যাশা পূরণ সম্ভব হয়েছে।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১
খ. নারী উদ্যোক্তা বলতে কী বুঝায়? ২
গ. মি. সরকার কোন ধরনের কার্ড ব্যবহার করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. সরকার ডিজিটাল নির্ভর ই-বিজনেস পদ্ধতি গড়ে তুলেছেন— এ মতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

১১.▶ টুলু গ্রাজুয়েশন শেষ করে নিজ এলাকা বরিশালের গৌরনদীতে পৈতৃক জমিতে পুকুর খনন করে মাছ চাষ শুরু করেন। টুলুর আরো দুই ভাই রয়েছে যারা গ্রাজুয়েশন শেষ করে ঢাকার স্বনামধন্য কোম্পানিতে কাজ করছে। টুলুর এ ধরনের কর্মে আত্মনিয়োগে তার মা-বাবা ও খুশী হতে পারেনি। এলাকায় পরিচিত সকলের কাছে টুলু "খামারী" বলেই পরিচিত, কিন্তু টুলু এতে উৎসাহ না হারিয়ে বরং মৎস্য ও পশু মন্ত্রণালয় হতে খামারের নামে ঋণ গ্রহণ করেন এবং আন্তরিকতা, আত্মবিশ্বাস ও আত্মপ্রত্যয় নিয়ে প্রকল্পটি চালিয়ে যান।

ক. উদ্যোক্তা কাকে বলে? ১
খ. আত্মকর্মসংস্থান বলতে কি বুঝ? ২
গ. টুলুর উদ্যোগ গ্রহণ কার্যে পরিবেশের প্রভাব বর্ণনা কর। ৩
ঘ. উদ্যোক্তা হিসেবে টুলুর ভবিষ্যৎ মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

# ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: প্রথম পত্র

বিষয় কোড : | ২ | ৭ | ৭ |

সময় — ৩০ মিনিট

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. প্রাকৃতিক গ্যাস উত্তোলন কোন শিল্পের অন্তর্গত?
ক প্রজনন খ সেবা পরিবেশক
গ নিষ্কাশন ঘ উৎপাদন

২. রাষ্ট্রীয় ব্যবসায়ের মূল উদ্দেশ্য কোনটি?
ক মুনাফা অর্জন
খ জনকল্যাণ
গ সুষম শিল্পায়ন
ঘ একচেটিয়া ব্যবসায় রোধ

৩. কোম্পানির সংগঠন নিজ নামে লেনদেন করতে পারে কোন বৈশিষ্ট্যের কারণে?
ক কৃত্রিম ব্যক্তিসত্তা
খ চিরন্তন অস্তিত্ব
গ আইনসৃষ্ট প্রতিষ্ঠান
ঘ স্বতন্ত্রধর্মী ব্যবস্থাপনা

৪. অর্থনৈতিক পরিবেশের উপাদান—
i. দক্ষ উদ্যোক্তা
ii. জনসংখ্যা
iii. মূলধন ও সঞ্চয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. ঐচ্ছিক অংশীদারি ব্যবসায়ের স্থায়িত্ব নির্ভর করে কোনটির উপর?
ক চুক্তিপত্র
খ নিবন্ধন পত্র
গ অংশীদারদের ইচ্ছা
ঘ ব্যবসায়ের মুনাফা

৬. ট্রেডমার্ক আইনের সর্বোচ্চ কত বছর নিবন্ধন কার্যকর থাকবে?
ক ৫ বছর খ ৭ বছর
গ ১০ বছর ঘ ৬০ বছর

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।**
মধুপুরের গম চাষিরা একত্রিত হয়ে নিজেদের বৈষয়িক উন্নয়ন ও সঠিক দামে পণ্য বিক্রয়ের লক্ষ্যে সংগঠিত হয়ে কাজ করে। তাদের প্রতিষ্ঠিত সংগঠনটি সহযোগিতার আদর্শে অনুপ্রাণীত।

৭. মধুপুরের চাষিরা কোন সমবায় গঠন করেছেন?
ক উৎপাদক খ বিক্রেতা
গ ভোক্তা ঘ ক্রয়

৮. উদ্দীপকে আলোচিত সমবায় স্থাপনের ফলে চাষিরা যে সুবিধা পাবে-
i. পণ্যের ন্যায্য মূল্য প্রাপ্তি
ii. ন্যায্য মূল্যে পণ্য ভোগ
iii. মধ্যস্থব্যবসায়ীদের দৌরাত্ম্য হ্রাস
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

৯. ব্যবসায় পরিবেশের অভ্যন্তরীণ উপাদান কোনটি?
ক ঋণদাতা খ ক্রেতা
গ প্রতিযোগী ঘ শ্রমিক-কর্মী

১০. বিজ্ঞাপন ব্যয় চূড়ান্তভাবে কে বহন করে?
ক ভোক্তা
খ ব্যবসায়ী
গ খুচরা ব্যবসায়ী
ঘ সরকার

১১. সংসদে বিল পাসের মাধ্যমে গঠিত কোম্পানি হচ্ছে-
ক বিধিবদ্ধ খ সনদ প্রাপ্ত
গ বিদ্যমান ঘ সাবসিডিয়ারি

১২. পাবলিক লিমিটেড কোম্পানি নিবন্ধনের জন্য প্রয়োজন—
i. স্মারক লিপির তিন কপি
ii. বিবরণ পত্রের এক কপি
iii. পরিচালকগণের সম্মতি পত্র
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

১৩. একমালিকানা ব্যবসায়ের মালিকের দায়-
ক অসীম খ সীমিত
গ নির্দিষ্ট ঘ নির্ধারিত

**নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
'সারদা এন্ড কোং' একটি পাবলিক লিমিটেড কোম্পানি। প্রতিষ্ঠানটি নতুন শেয়ার ইস্যু করার সময় পুরাতন শেয়ার হোল্ডারদের জন্য ৪০% শেয়ার সংরক্ষণ করে।

১৪. সারদা এন্ড কোং পুরাতন শেয়ার হোল্ডারদের নতুনভাবে কোন শেয়ার প্রদান করে?
ক বোনাস খ বিলম্বিত
গ অধিকারযোগ্য ঘ যোগ্যতাসূচক

১৫. উদ্দীপকের প্রতিষ্ঠানটি যে শেয়ার ইস্যু করে তার ক্ষেত্রে প্রযোজ্য-
i. এটি এক প্রকারে সাধারণ শেয়ার
ii. এটি পুরাতন শেয়ার হোল্ডারদের দাবি পূরণের উপায়
iii. এটি লভ্যাংশের পরিবর্তে প্রদান করা হয়
নিচের কোনটি সঠিক?
ক ii খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

Teachingbd.com

১৬. পাবলিক লিমিটেড কোম্পানির কোন বিষয়টি লিমিটেড?
ⓚ শেয়ার সংখ্যা
ⓚ সদস্য সংখ্যা
ⓖ পরিচালক সংখ্যা
ⓖ শেয়ারহোল্ডারদের দায়

১৭. ক্রেডিট কার্ডের ক্ষেত্রে সঠিক—
i. টাকা উত্তোলন করা যায়
ii. টাকা জমা দেয়া যায়
iii. ক্রেডিট লিমিট দেয়া থাকে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৮. অংশীদারি চুক্তি কখন আইনগত দলিলে পরিণত হয়?
ⓚ লিখিত হলে
ⓚ মৌখিক হলে
ⓖ নিবন্ধিত হলে
ⓖ নিবন্ধনের জন্য আবেদন করলে

নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।
প্রশান্ত ও সুশান্ত দুই বন্ধু ৫ বছরের জন্য একটি অংশীদারি ব্যবসায় গঠন করে। ২ বছর অতিক্রম হওয়ার পর প্রশান্ত সড়ক দুর্ঘটনায় মৃত্যু বরণ করে।

১৯. প্রশান্তদের ব্যবসায়টি কোন ধরনের অংশীদারি ব্যবসায়?
ⓚ সাধারণ ⓚ ঐচ্ছিক
ⓖ নির্দিষ্ট ⓖ সীমাবদ্ধ

২০. প্রশান্তের মৃত্যুর ফলে ব্যবসায়ের ভবিষ্যৎ হবে—
i. টিকে থাকবে
ii. বিলোপ ঘটবে
iii. কয়েকটি ঘটনাসাপেক্ষে বিলোপ ঘটবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২১. পাবলিক লিমিটেড কোম্পানির সর্বনিম্ন পরিচালক সংখ্যা কত জন?
ⓚ ২ জন ⓚ ৩ জন
ⓖ ৪ জন ⓖ ৬ জন

২২. ভবিষ্যৎ অনিশ্চিত জেনেও উদ্যোক্তা ব্যবসায় স্থাপন করে। এটি উদ্যোক্তার কোন গুণ?
ⓚ ঝুঁকি গ্রহণের মানসিকতা
ⓚ অনিশ্চয়তা
ⓖ প্রজ্ঞা ও দূরদৃষ্টি
ⓖ সৃজনীশলতা

২৩. ড. হুসনে আরা বেগম কোন সংগঠনের প্রতিষ্ঠাতা?
ⓚ TMSS ⓚ BARD
ⓖ BRAC ⓖ MIDAS

২৪. স্মারকলিপির ধারাসমূহ হলো—
i. উদ্দেশ্য ধারা ii. শেয়ার ধারা
iii. অবস্থান ধারা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২৫নং প্রশ্নের উত্তর দাও।
জাহিদ সাহেবের একটি চামড়ার কারখানা আছে। তিনি তার কারখানায় বর্জ্য শোধন যন্ত্র ব্যবহার না করে সকল বর্জ্য পার্শ্ববর্তী নদীতে ফেলেন।

২৫. জাহিদ সাহেব কোন পরিবেশ দূষণের সাথে সম্পৃক্ত?
ⓚ পানি দূষণ
ⓚ বায়ু দূষণ
ⓖ শব্দ দূষণ
ⓖ রাসায়নিক দূষণ

২৬. বাংলাদেশে পোশাক শিল্প ব্যাপকভাবে গড়ে ওঠার কারণ—
ⓚ কাঁচামালের প্রাচুর্য
ⓚ সস্তা শ্রম
ⓖ উন্নত প্রযুক্তি
ⓖ মূলধনের সহজ প্রাপ্যতা

২৭. ট্রেড কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ⓚ সময়গত ⓚ ঝুঁকিগত
ⓖ স্থানগত ⓖ ব্যক্তিগত

নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।
বাংলাদেশে রেল যোগাযোগ ব্যবস্থার আধুনিকায়ন ও উন্নয়নের জন্য সরকার নানা ব্যবস্থা গ্রহণ করেছে। বাংলাদেশে মেট্রো রেল পরিকল্পনা এর মধ্যে অন্যতম। জনগণকে সস্তায় মানসম্মত সেবা প্রদান করা মূলত রেল পরিবহনের উদ্দেশ্য।

২৮. উদ্দীপকের সংস্থাটি কোন ব্যবসায়ের অন্তর্ভুক্ত?
ⓚ রাষ্ট্রীয় ⓚ সামাজিক
ⓖ কোম্পানি ⓖ অমুনাফাভোগী

২৯. এ ধরনের ব্যবসায় গঠনের ফলে—
i. একচেটিয়া ব্যবসায় রোধ হবে
ii. দেশের সুষম শিল্পায়ন ঘটবে
iii. রাষ্ট্রের সক্ষমতা বাড়বে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৩০. অংশীদারি ব্যবসায় আইন কত সালের?
ⓚ ১৯৩২ সালের ⓚ ১৯৯৪ সালের
ⓖ ১৯৯৫ সালের ⓖ ২০০৪ সালের

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | খ | ৭ | ক | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | খ |
| ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | গ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ক |

Teachingbd.com